তারিখ 29 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৫

যুগান্তর

# পিরোজপুরে কলেজ ছাত্রীকে ৪ দিন আটকে রেখে ধর্ষণ

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার কদমতলা ইউনিয়নের থানাকুনিয়ারী গ্রামের (লেবুবুনিয়) এক কলেজ ছাত্রীকে (১৭) ৪ দিন আটক রেখে পাষবিক নির্যাতনের অভিযোগ উঠেছে স্থানীয় আওয়ামী লীগ নেতার ছেলের বিরুদ্ধে।

ধর্ষণের শিকার ওই কিশোরী ও তার বিধবা মা বৃহস্পতিবার জানান, কদমতলা ইউনিয়নের ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সম্পাদক আবদুর রশিদ শেখের ছেলে রানা শেখ ২৩ মে দুপুরে শহরের সিও অফিস এলাকা থেকে কলেজছাত্রীকে তুলে নিয়ে কাউখালী উপজেলার চিড়াপাড়া গ্রামে (জোড়া বটতলা) মামাবাড়িতে যায়। সেখানে একটি ঘরে আটক করে তাকে চেতনা নাশক ট্যাবলেট খাওয়ায়। এক পর্যায়ে তার কিছুটা জ্ঞান ফিরলে সে অনুভাব করতে পারে তাকে পর্যায়ক্রমে ধর্ষণ করা হয়েছে। এ অবস্থায় সে বাঁচার জন্য রানার কাছে আকুতি মিনতি করে। রানা তাকে হত্যার হুমকি দেয় এবং মারধর করে। ওই বাড়িতে আটকে রেখে ধর্ষণের পর মঙ্গলবার তাকে কদমতলায় এক বাড়িতে নিয়ে আসে রানা। এরপর কিশোরীর সঙ্গে থাকা মোবাইল থেকে তার বড় ভাই গোলাম রসুলকে মঙ্গলবার রাতে ফোন করে বোনকে নিয়ে যাওয়ার কথা বলে। রাত ১১টার দিকে ধর্ষণের শিকার কিশোরীকে উদ্ধার করে তার ভাই।